

অপশন ট্রেডিং এর উদ্দেশ্যে অতিরিক্ত ঝুঁকি উদ্ঘাটন সংক্রান্ত নথিপত্র

অপশন হোল্ডারের ঝুঁকি:

১. তুলনামূলকভাবে স্বল্প সময়ের মধ্যে একজন অপশন হোল্ডারের অপশনের সম্পূর্ণ ক্রয়মূল্য হারানোর ঝুঁকি থাকে। এই ঝুঁকিটি এই ঙ্গিত করে যে অপশনের ধরণই হল একটি ক্ষয়িষ্ণু সম্পত্তি যা মেয়াদকাল পূর্ণ হলে মূল্যহীন হয়ে যায়। মেয়াদকাল পূর্ণ হওয়ার আগে অপশন হোল্ডার তাঁর অপশনটি যদি অধিনস্থ বাজারে বিক্রি না করেন বা প্রয়োগ না করেন, তিনি তাঁর অপশনের সম্পূর্ণ বিনিয়োগ নিশ্চিতভাবে হারাবেন। যদি মূল সম্পদের দাম অপশনের মেয়াদকাল পূর্ণ হওয়ার আগে অপশনের খরচ তুলে নেওয়ার জন্যে অপশনের দাম আশানুরূপ দিকে এবং যথেষ্ট মাত্রায় পরিবর্তন না হয়, বিনিয়োগকারী তার অপশনে বিনিয়োগের সম্পূর্ণ বা অধিক অংশ হারাতে পারেন।

২. নির্দিষ্ট পরিস্থিতিতে এক্সচেঞ্জগুলি প্রয়োগের ওপর সীমিতকরণ বিধি আরোপ করতে পারে এবং তাদের অপশন প্রয়োগ সীমিতকরণের চূড়ান্ত ক্ষমতা থাকবে।

অপশন রাইটারের ঝুঁকি:

১. মূলগত সম্পদের দাম যদি আশানুরূপ দিকে না যায়, অপশন রাইটারের গুরুত্বপূর্ণ পরিমাণ অর্থের ক্ষতির ঝুঁকি রয়ে যায়।

২. একই মূলগতসম্পদের ওপর অন্যান্য অপশন কিনে এবং তার ফলে স্প্রেড অবস্থান নিয়ে বা অপশন বাজারে অথবা অন্যান্য বাজারে অন্যান্য ধরণের সুরক্ষার (হেজিং) অবস্থান নিয়ে অপশন রাইটার হওয়ার ঝুঁকি হয়তো কমানো যেতে পারে। অবশ্য অপশন রাইটার স্প্রেড বা হেজিং অবস্থান নেওয়া স্বয়ং গুরুত্বপূর্ণ ঝুঁকিই থাকতে পারে। সরল 'লং' বা 'শর্ট' অবস্থান থেকে স্প্রেড অবস্থান যে কম ঝুঁকির হবে তার কোন নিশ্চয়তা নেই।

৩. যে লেনদেনগুলিতে একাধিক বাই অথবা রাইট করা সমন্বয়ী অপশন জড়িত থাকে বা বাই অথবা রাইট করার সঙ্গে সমন্বিতভাবে মূলগত সম্পদের অপশন বাই বা শর্ট সেল করার সঙ্গে জড়িত থাকে তাতে বিনিয়োগকারীকে অতিরিক্ত ঝুঁকির সম্মুখিণ হতে হয়। সমন্বয়িত লেনদেন যেমন অপশন স্প্রেডগুলি একটি অপশন বাই অথবা রাইট করার থেকে বেশি জটিল। এছাড়াও এটি খেয়াল রাখতে হবে যে যেমন অন্যান্য বিনিয়োগের ক্ষেত্রে হয় কোন জটিলতা ভালভাবে না বুঝতে পারলে সেটি নিজেই একটি ঝুঁকির কারণ হয়ে দাঁড়ায়। যদিও এটি বলা হচ্ছে না যে সমন্বয় কৌশল বিবেচনা করা উচিত নয়, উচিত কাজ হবে, যেমন অপশন বিনিয়োগে হয়ে থাকে, এমন কোন ব্যক্তির পরামর্শ নেওয়া, যার বাজারের সমস্ত পরিস্থিতিতে সমন্বয়িত লেনদেনের ঝুঁকি ও সম্ভাব্য লাভ সম্পর্কে অভিজ্ঞতা ও জ্ঞান রয়েছে।